

### যশোরে ৩১ কলেজ মাদ্রাসার শিক্ষার্থী উপবৃত্তির টাকা পারে মোবাইলে

স্টাফ রিপোর্টার, যশোর অফিস।  
জেলায় ৩১টি কলেজ ও মাদ্রাসার  
শিক্ষার্থী মোবাইল ব্যাংকিংয়ের  
মাধ্যমে পারে উপবৃত্তির টাকা।  
ইতোমধ্যে কার্যক্রম প্রায় শেষের  
দিকে।  
যশোর সদর উপজেলার মাধ্যমিক  
শিক্ষা অফিসার কামরুজ্জামান ছানান,  
আগে শিক্ষার্থীকে উপবৃত্তি দেয়ার  
জন্য কুম্বুমপুরের 'অগ্রনী' ব্যাংকে  
এ্যাকাউন্ট করানো হতো। এরপর  
চেক নিয়ে তাকে ব্যাংক থেকে টাকা  
নিতে হতো। এতে করে শিক্ষার্থীকে  
দুর্ভোগে পড়তে হয়েছে। তাই  
শিক্ষার্থীদের দুর্ভোগ দূর করার লক্ষ্যে  
মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে  
উপবৃত্তি দেয়ার উদ্যোগ নিয়েছে  
শিক্ষা মন্ত্রণালয়। এ কার্যক্রম  
বাস্তবায়নের লক্ষ্যে যশোর সদর  
উপজেলা শিক্ষা অফিসারের  
উদ্যোগে ডাচ বাংলা ব্যাংকের  
সহযোগিতায় শিক্ষার্থীদের মোবাইল  
ব্যাংকিং কার্যক্রম ৪ জুন থেকে শুরু  
করা হয়েছে। এ কার্যক্রম শেষ হবে  
১৬ জুন। এরপর শিক্ষার্থীদের  
তালিকা শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো  
হবে। সেগান থেকে উপবৃত্তির টাকা  
প্রত্যেক শিক্ষার্থীর কাছে মোবাইল  
ব্যাংকিংয়ের মাধ্যমে পৌঁছে যাবে।  
আগামী জুলাই মাসে শিক্ষার্থীরা  
মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে পারে  
তাদের উপবৃত্তির টাকা।